*Nivaka Fashions Limited* | ninecolours
(Formally known as B.T.Syndicate limited)

CIN : L52100WB1983PLCO35857

REGD OFFICE : AA-47, Salt Lake City Sec:1, BL-AA Kolkata, West Bengal : 700064

Corporate Office : Harihar Corporation, A-12, Gala No.10/11, Mankoli Road, Dapoda, Bhiwandi, Thane: 421302

**Date: 09.09.2021**

To,
The Listing Compliance
BSE Ltd.
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street
Mumbai- 400001

**Scrip Code: 542206**

Dear Sir/Madam,

**Sub: - Newspaper Advertisement for the Notice of 38th Annual General Meeting.**

This is to inform you that the Company has published the Notice of 38th Annual General Meeting to be held on Thursday, 30th September, 2021 in "The Financial Express" and "DurantoVarta" under Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.

The copy of publication of the same are enclosed herewith for your record.

Kindly take the same on your record and oblige.

Thanking you.

Yours faithfully

**FOR NIVAKA FASHIONS LIMITED**

For NIVAKA FASHIONS LIMITED

**BHAVIN JAIN** Authorised Sign.
**DIRECTOR**
**DIN: 00741604**

# নামি কোম্পানির নকল মোবিল বিক্রির অপরাধে আটক ব্যবসায়ী



সুজিত দত্ত, বর্ধমান, ৮ সেপ্টেম্বর ঃ মঙ্গলবার ভেজাল সরিষার তেলের পর বুধবার ফের ভেজাল মোবিল আটক করল জেলা পুলিশের এনফোর্সমেন্ট বিভাগ। এদিন গোপন সূত্রে খবর পেয়ে পূর্ব বর্ধমানের রায়না থানার বাঁকুড়া মোড় এলাকায় বেআইনি ভাবে তৈরী ভেজাল মোবিল মজুতের বিরুদ্ধে অভিযান চালায় তারা। ওই এলাকার একটি মোবিলের দোকান থেকে একটি নামি কোম্পানির লেবেল লাগানো বিপুল পরিমান মজুত ভেজাল মোবিল উদ্ধার হয়। দোকানের মালিক রাজকুমার রায়কে আটক করে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সূত্রে খবর ছিল বাঁকুড়া মোড় এলাকার ওই দোকানটিতে একটি নামি কোম্পানির ভেজাল মোবিল তৈরী ও বিক্রি করা হচ্ছে। খবরের সত্যতা যাঁচাই করার জন্য ওই কোম্পানির এক্সপার্টদের নিয়ে এদিন জেলা পুলিশ ও এনফোর্সমেন্ট বিভাগ যৌথভাবে ওই দোকানটিতে অভিযান চালায়। সেখান থেকে প্রায় ১১০লিটার ভেজাল মোবিল বাজেয়াপ্ত করে। মোবিলের সাথে ভেজাল উপকরণ মিশিয়ে নামী কোম্পানির প্লাস্টিকের কৌটোয় ভরার পরে নতুন লেবেল লাগিয়ে বাজারে বিক্রি করা হতো। ওই দোকান থেকে ৩টি ১৫লিটার, ৩টি ১০লিটার, ৫টি ৫লিটার ও ১লিটারের ২০টি মোবিল ভর্তি প্লাস্টিকের ক্যান বাজেয়াপ্ত করা হয়েছে। বেশ কয়েকমাস ধরে নকল মোবিল বিক্রি করা হচ্ছে বাঁকুড়া মোড়ের ওই দোকান থেকে। আটক ব্যক্তি রাজকুমার রায় দাবী করেন যে তিনি এই নকল মোবিলের বিষয়ে কিছু জানতেন না। খন্ডঘোষ থানা এলাকার বাসিন্দা জনৈক শেখ জামাল নামে এক ব্যক্তি তাকে কম দামে এই নামী কোম্পানির মোবিল প্লাস্টিকের বালতি ও ছোট জারে শিল করে দিয়ে যেত বিক্রির জন্য। তিনি জামালের উপর ভরসা করে বেশ কয়েকমাস ধরে বাঁকুড়া মোড়ে তার ছোট দোকান থেকে বিক্রি করতেন। এই মোবিল সম্পূর্ণ বেআইনি এবং এতে গাড়ির ইঞ্জিনের ক্ষতি হবে তা তিনি জানতেন না বলে সাফাই দেন রাজকুমার বাবু। শেখ আফরোজ নামে বর্ধমানের এক গ্যারেজ মিস্ত্রি বলেন, মোবিলের মধ্যে কোনটা আসল আর কোনটা নকল চোখে দেখে বোঝা সম্ভব নয়। তারা সবসময় নামী কোম্পানির ভালো মোবিল ব্যবহার করে থাকেন। এই রকম খারাপ মোবিল বাইকে ঢালা হলে ইঞ্জিন খারাপের সমূহ সম্ভাবনা থেকে যায়। সেই সাথে বাইকে বা গাড়িতে নামী কোম্পানির মোবিল ঢালার পর খালি ডিববাগুলো দোকানের বাইরে ফেলে দেওয়া হয়। ওই পড়ে থাকা খালি ডিব্বা সংগ্রহ করে ভেজাল কারবারিরা তাতে নকল মোবিল ভরে তা বাজারজাত করতে পারে বলে সন্দেহ প্রকাশ করেন তিনি। বর্ধমানের বিধানপল্লীর বাসিন্দা যোগিন্দ্রনাথ সাউ বলেন, নামী কোম্পানির মোবিল যদি নকল হয় তা খুব চিন্তার বিষয়ে। বাইক সার্ভিসিং করানোর আগে দশবার চিন্তা করতে হবে কোন কোম্পানির মোবিল বাইকে ঢালবো। নকল মোবিলের কারবারের সাথে কোন চক্র যুক্ত আছে নাকি তদন্ত করছে পুলিশ।

# পঞ্চায়েত প্রধানের বাড়িতে হামলা

দুরন্ত বার্তা, কোচবিহার, ৮ সেপ্টেম্বর ঃ ফের উত্তপ্ত দিনহাটা। রাতভর বোমাবাজি, চলল তির-ধনুক নিয়ে হামলা। ওকড়াবাড়ি গ্রাম পঞ্চায়েত প্রধানের বাড়ির সামনে হামলা হয় বলে অভিযোগ। আগুন ধরিয়ে দেওয়া হয় বাইকেও। মধ্যরাতে প্রধানের বাড়িতে বোমাবাজি করা হয় শাসকদলেরই অন্য গোষ্ঠীর বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে দিনহাটা ১ নং ব্লকের ওকড়াবাড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান রেণুকা খাতুন বিবির বাড়ির সামনে। স্থানীয় সূত্রে খবর, মঙ্গলবার রাত ১২ টার পর ওকরাবাড়ির বাজারে রেণুকা খাতুন বিবির বাড়িতে হঠাৎ আক্রমণ চালায় একদল দুষ্কৃতী। পরপর তিনটি বোমা মারে তারা। সকালে বাড়ির সামনে বোমার খোল উদ্ধার হয়। এদিন সকালে সেখান থেকে চারটি তাজা বোমা উদ্ধার হয়। ঘরের দরজায় দুষ্কৃতীরা আঘাত করে বলেও অভিযোগ প্রধানের। বাড়ির সামনেই রাখা ছিল একটি মোটরসাইকেল। তাতেও আগুন ধরিয়ে দেয় দুষ্কৃতীরা। এই ঘটনায় অভিযোগের আঙুল ওঠে রেণুকা খাতুন বিবির বিরুদ্ধে অনাস্থা আনা পঞ্চায়েত সদস্যদের বিরুদ্ধে। ঘটনার খবর পেয়ে তৎক্ষণাৎ সেখানে পৌঁছয় দমকলের একটি ইঞ্জিন। কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। দিনহাটা থানার পুলিশ গিয়ে চারটি তাজা বোমা উদ্ধার করে। এই ঘটনায় তৃণমূলের প্রধান বিরোধী গোষ্ঠীর নাম উঠে এসেছে বলে খবর মিলেছে। ওকড়াবাড়ি গ্রাম পঞ্চায়েতে অনাস্থা স্বপক্ষে তলবি সভা ডাকা হয়েছে। তার আগেই প্রধানের বাড়িতে এই ধরনের ঘটনায় উত্তেজনা ছড়িয়েছে ওকড়াবাড়ি গ্রাম পঞ্চায়েতে। এই ঘটনাকে নিয়ে আরও একবার দিনহাটা ১ নং ব্লকের গোষ্ঠী কোন্দল প্রকাশ্যে এল বলে রাজনৈতিক মহলের ধারণা। আক্রান্ত প্রধানের স্বামী বলেন, আমরা সবে খাওয়া সেরে শুতে যাচ্ছিলাম। পৌনে বারোটা নাগাদ, তখন ওরা হামলা চালিয়েছিল। চিৎকার-চেঁচামেচি করছিল। বাড়িতে বোমাবাজি করে। অনাস্থার আগেই এই সব ঘটে। তাঁদের মধ্যে চার-পাঁচ জন পঞ্চায়েত সদস্য ছিলেন। পরিস্থিতি খারাপ হচ্ছিল। আমি ঘর থেকে না বেরিয়ে সঙ্গে সঙ্গে থানায় খবর দিই। তবে স্থানীয় তৃণমূল নেতৃত্বের বক্তব্য, দলে কোনও গোষ্ঠীকোন্দলের ব্যাপার নেই। এটা অন্য কারোর কাজ। অনাস্থা আনার ব্যাপারে এসব হতে পারে না। কারা এই ঘটনার সঙ্গে যুক্ত তা খতিয়ে দেখা হচ্ছে। তবে পারিবারিক কোনও সমস্যার কারণেও এই হামলা হতে পারে। সেই বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে। তবে কখনই গ্রামের মধ্যে এই ধরনের ঘটনা বরদাস্ত করা হবে না। এদিকে, পুলিশ বলেছে, ঘটনার তদন্ত শুরু হয়েছে। বাড়ির সামনে বাইক ভাঙচুর করে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে। বোমাবাজি হয়েছে। তার প্রমাণ মিলেছে। অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে। রাজনৈতিক কারণ নাকি অন্য কোনও ঘটনা, তা খতিয়ে দেখা হচ্ছে।

# অবৈধ সম্পর্ক নিয়ে বিবাদে খুন প্রতিবেশী

দুরন্ত বার্তা, বীরভূম, ৮ সেপ্টেম্বর ঃ অবৈধ সম্পর্কের বিবাদের জেরে খুন হলেন প্রতিবেশী। মৃত ব্যক্তির নাম সনৎ মুর্মু। ঘটনাটি ঘটেছে গত পাঁচ সেপ্টেম্বর নলহাটি থানার হরিদাসপুর অঞ্চলের শালদহ গ্রামে। ঘটনায় জড়িত থাকার অপরাধে অভিযুক্ত শৈবা কিসকুকে পুলিশকে গ্রেফতার করে বুধবার রামপুরহাট আদালতে তোলা হলে বিচারক পাঁচ দিনের পুলিশি হেফাজত মঞ্জুর করেন। জানা গেছে, অভিযুক্ত শৈবা কিসকুর সাথে সনৎ মুর্মুর স্ত্রীর অবৈধ সম্পর্ক ছিল। তার জেরে মঙ্গলবার রাত আটটা নাগাদ শৈবা কিসকুর সাথে সনৎ মুর্মুর মধ্যে বচসা শুরু হয়। তারপর বচসা চরম পর্যায়ে পৌঁছালে শৈবা কিসকু সনৎ মুর্মুর বুকে ছুরি বসিয়ে দেয়। আহতকে রামপুরহাট হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষনা করে। এই ঘটনার পর নলহাটি থানার পুলিশ একটি খুনের মামলা দায়ের করে।


## NIVAKA FASHIONS LIMITED

(CIN: L52100WB1983PLC035857)

**Registered Office:** AA - 47, Salt Lake City Sec - 1, BL-AA, Kolkata, West Bengal, 700064. India.

**Corporate Office:** Harihar Corporation, A-12, Gala No. 10/11, Mankoli Road, Dapoda, Bhiwandi,Thane 421302. Website: www.nivakafashions.com / Email: btsyndicateltd1983@gmail.com / Phone: 022-26241111/04

**NOTICE OF 38th ANNUAL GENERAL MEETING, E-VOTING INFORMATION AND BOOK CLOSURE**

NOTICE is hereby given that the 38th Annual General Meeting (AGM) of the **NIVAKA FASHIONS LIMITED** (the Company) will be held on **Thursday, 30th September, 2021** at 03:00P.M.through video conferencing ("VC")/ other audio-visual means ("OAVM") to transact the businesses as set out in the Notice of the AGM.

Notice of the AGM and Annual Reportfor 2021 have been sent in electronic modes to Members whose email IDs are registered with the Company/Depository Participants(s). Notice of the AGM and Annual Report for 2021 is also available on the website of the Company, at www.nivakafashions.com.

The Company is pleased to provide to its members the facility to exercise their vote by electronic means (e-voting) on the businesses as set out in the Notice of the AGM. Members holding shares either in physical form or in dematerialized form, as on the cut-off date i.e., **22nd September, 2021,** may cast their vote electronically on the Ordinary and Special Business as set out in the Notice of the AGM through electronic voting system of NSDL from a place other than venue of the AGM. A person whose name is recorded in the Register of members or in the Register of Beneficial owners maintained by Depositories as on cut-off date only shall be entitled to avail facility of remote e-voting as well as voting at the AGM.

The remote e-voting period will commence at 9.00a.m. on **Monday, September 27, 2021** and will end at 5.00 p.m on **Wednesday, September 29,2021**. The remote e-voting module shall be disabled for voting at 5.00 p.m. on **Wednesday, September 29, 2021.** Once the vote on a resolution is cast by the member, the member cannot modify it subsequently.

The voting facility shall also be made available at the AGM and Members attending the AGM who have not cast their vote by e-voting shall be eligible to vote at the AGM. Members,who have cast their vote through e-voting, may participate in the AGM but shall not beallowed to vote again in the meeting.

Any person, who acquires shares of the Company and become member of the Company after dispatch of the Notice of the AGM and holding shares as of the cut-off date i.e. **22nd September, 2021,** may obtain the USER ID and Password by sending a request at **https://www.evoting.nsdl.com or btsyndicateltd1983@gmail.com.** However, if a person is already registered with NSDL for remote e-voting then existing user ID and password can be used for casting vote.

The Notice of AGM is available on the Company's website www.nivakafashions.com and also on the NSDL's website https://www.evoting.nsdl.com.

The Register of Members and the Share Transfer books of the Company will remain closed from **Friday, 24th September, 2021** to **Thursday, 30th September, 2021** (both days inclusive) for the purpose of AGM.

By order of the Board
**For Nivaka Fashions Limited**
Sd/-
**Bhavin Shantilal Jain**
Managing Director (DIN- 00741604)

**Place: Kolkata**
**Date: 08.09.2021**


# চাঙড় পড়ে মৃত্যু

দুরন্ত বার্তা, বীরভূম, ৮ সেপ্টেম্বর ঃ রামপুরহাট পুরসভার ১৩ নং ওয়ার্ডে পুরানো বাড়ি ভেঙে বহুতল ফ্ল্যাট নির্মাণের কাজ চলছিল। সেখানে খেলা করছিল তিন কিশোর। সেই সময় বাড়ির কংক্রিটের চাঙড় ভেঙে পড়ে তাদের উপর। ঘটনাটি ঘটে মঙ্গলবার রাতে। রাতেই রামপুরহাট মেডিক্যাল কলেজে চিকিৎসকের কাছে নিয়ে গেলে, ওই কিশোরকে মৃত বলে ঘোষণা করা হয়। ঘটনার জেরে এলাকায় শোকের ছায়া নেমে আসে। মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে আরও এক। আরেকজনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে। মৃতর বাবা আলো দাস একজন মৃৎ শিল্পী। বাড়ি বারো নং ওয়ার্ডে। এলাকার পুর প্রশাসক মীণাক্ষী ভকতকে ফোনে পাওয়া যায় নি। জানা যায় নি কিভাবে পুরসভার বিনা অনুমতিতে একটি অসুরক্ষিতভাবে বাড়ি ভেঙে বহুতল ফ্ল্যাট তৈরীর কাজ চলছিল। এলাকায় ক্ষোভের সৃষ্টি হয়েছে। এলাকার বাসিন্দাদের একাংশের দাবি, পুরসভার প্রশ্রয় না থাকলে এভাবে অবৈধভাবে ফ্ল্যাট তৈরী হয় কি করে?

# অচৈতন্য করে লুঠ

দুরন্ত বার্তা, মালদা, ৮ সেপ্টেম্বর ঃ মাদক খাইয়ে ভিনরাজ্য ফেরত যুবকের সর্বস্ব লুঠ করল দুষ্কৃতীরা। রাস্তায় অচৈতন্য অবস্থায় পড়ে থাকলে স্থানীয় বাসিন্দারা উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। বুধবার এই ঘটনায় চাঞ্চল্য ছড়ায় মালদার মানিকচক থানার এনায়েতপুর এলাকায়। স্থানীয় বাসিন্দারা ওই যুবককে উদ্ধার করে মানিকচক গ্রামীণ হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে সেখানে চলছে তার চিকিৎসা। স্থানীয় সূত্রে জানা গেছে, বুধবার সকালে এনায়েতপুর স্ট্যান্ডে গাড়ি থেকে নামে এক যুবক। মুহূর্তের মধ্যেই রাস্তার মধ্যে লুটিয়ে পড়ে এই যুবক। তৎক্ষণাৎ স্থানীয় বাসিন্দারা জিজ্ঞাসাবাদ করলে ওই যুবক জানায়, ভিন রাজ্য থেকে ট্রেনে করে মালদায় আসেন এরপর গাড়ি ধরে বাড়ির দিকে যাচ্ছিলেন। ট্রেনে নতুবা গাড়িতে মাদকদ্রব্য কিছু খাইয়ে দিয়ে তার সর্বস্ব লুঠ করা হয়েছে এমনটাই অনুমান স্থানীয় বাসিন্দাদের। তবে যুবকের নাম-পরিচয় কিছুই জানা যায় নি। তড়িঘড়ি ওই যুবককে ভর্তি করা হয় মানিকচক গ্রামীণ হাসপাতালে। অজ্ঞান অবস্থায় সেখানে তার চিকিৎসা চলছে।

# দুয়ারে সরকার

দুরন্ত বার্তা, তমলুক, ৮ সেপ্টেম্বর ঃ পশ্চিমবঙ্গ সরকারের উদ্যগে গত ১৬ আগস্ট থেকে শুরু হয়েছে দুয়ারে সরকার কর্মসূচি। বুধবার চণ্ডীপুর গ্রাম পঞ্চায়েতের শ্রীকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হল তৃতীয় অর্থাৎ শেষ দফার এই কর্মসূচি। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চণ্ডীপুর গ্রাম পঞ্চায়েত প্রধান রেজাউল হক মোল্লা সহ অন্যান্য সরকারি আধিকারিকগণ। বিকাল ৫টা পর্যন্ত ক্যাম্প চললেও মানুষের উচ্ছ্বাস ছিল চোখে পড়ার মত। সরকারের সকল পরিষেবা নিতে হাজির বহু মানুষ। পঞ্চায়েত প্রধান রেজাউল হক বলেন, পশ্চিমবঙ্গ সরকারের সমস্ত রকম পরিষেবার সুযোগ নিতে সকাল থেকেই মানুষ ভিড় জমিয়েছেন কোভিড বিধি মেনেই। এখনও পর্যন্ত দুয়ারে সরকার কর্মসূচির পরবর্তী নির্দেশ না এলেও আমরা আগামীকাল থেকে শ্রীকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয়ে লক্ষীর ভাণ্ডার এবং স্বাস্থ্যসাথী ক্যাম্প চালু রাখবো।

# বিজেপি কর্মীকে পিটিয়ে খুন

দুরন্ত বার্তা, মেদিনীপুর, ৮ সেপ্টেম্বর ঃ জল নেওয়াকে কেন্দ্র করে বিবাদের জেরে খুন বিজেপি কর্মী। মেদিনীপুরের বড়বাজার এলাকার ঘটনা। বিজেপি করার জন্যই পিটিয়ে খুন করা হয়েছে, অভিযোগ স্ত্রীর। অভিযোগের তির তৃণমূলের দিকে। অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল। নিহত বিজেপি কর্মীর নাম দেবাশিস শীল। মেদিনীপুর শহরের ১০ নম্বর ওয়ার্ডে মঙ্গলবার সন্ধ্যায় কলে পানীয় জল নেওয়াকে কেন্দ্র করে গন্ডগোল হয়। প্রথমে বচসা আর তার থেকে হাতাহাতি। ঘটনায় গুরুতর আহত হন দেবাশিস। তাঁকে লাঠি, লোহার রড দিয়ে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। স্থানীয়রা দেবাশিসকে উদ্ধার করে মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। সেখানেই রাতে মৃত্যু হয় দেবাশিসের। মৃতের স্ত্রীর অভিযোগ, বিজেপি করার অপরাধেই পিটিয়ে খুন করা হয়েছে তাঁর স্বামীকে। তাঁর অভিযোগের তির তৃণমূলের বিরুদ্ধে। ইতিমধ্যেই মৃতের পরিবারের তরফে খুনের অভিযোগ দায়ের করা হয়েছে মেদিনীপুর কোতোয়ালি থানায়। অভিযোগ পেয়েই তদন্তে নেমেছে পুলিশ। সূত্রের খবর, তদন্তে নেমে প্রাথমিক জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে তিনজনকে। দেবাশিসের স্ত্রী বলেন, আমার পাশের বাড়িতেই থাকে মমতা। ওরা তৃণমূল করে। আমাকে জল নিতে বাধা দিত। আমি জল আনতে গিয়েছিলাম, তখনই ঝামেলা করতে থাকে ওরা। বিজেপি করি বলে জল নিতেও দিত না। আমাকে স্বামীকে মেরেছে, আমাকে কামড়েছে। এদিকে বিজেপি নেতা অরূপ দাস বলেন, দেবাশিস শীল আমার ১৯৯ নম্বর বুথের সাধারণ সম্পাদক। বুথের রেজাল্ট খারাপের পর থেকেই দেবাশিসকে হুমকি দেওয়া হত। কলের জল ব্যবহার করতে দেওয়া হচ্ছিল না। এই নিয়ে আগেও ঝামেলা হয়েছে। দেবাশিসের স্ত্রী আগেই পুলিশকে জানিয়েছিলেন। তৃণমূলের সক্রিয় কর্মী মমতা দে গতকাল জল নেওয়ার সময়ে বাধা দেন। তখন ঝামেলা হয়। দেবাশিস বেরিয়ে এলে তাঁকে মারধর করা হয়। মাথায় চোট লাগে। তার জেরেই মৃত্যু। যদিও রাজনৈতিক গন্ডগোলের অভিযোগ অস্বীকার করেছে শাসকদল। জেলা তৃণমূল সভাপতি সুজয় হাজরার দাবি, এটি সম্পূর্ণ পাড়াগত বিবাদ। সেই বিবাদের জেরেই খুন হয়েছেন দেবাশিস। বিজেপি গোটা বিষয়টিকে রাজনৈতিক রং লাগাচ্ছে। ঘটনার পর এলাকার তিন জনকে আটক করেছে পুলিশ। তাঁদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এই ঘটনার পিছনে অন্য কোনও কারণ রয়েছে কিনা, তা খতিয়ে দেখা হচ্ছে। আদৌ রাজনৈতিক কারণ নাকি পারিবারিক শত্রুতা, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

# জেলা প্রশাসনের অপারেশন পুষ্টি




অনিরুদ্ধ সরকার, বাঁকুড়া, ৮ সেপ্টেম্বর ঃ জেলায় দুঃস্থ পরিবারের বহু শিশুই এখনও অপুষ্টির শিকার। আর তাই সেসব পরিবারের শিশুদের প্রয়োজনীয় পুষ্টিকর খাদ্য সামগ্রী পৌঁছে দিতে উদ্যোগী হলে বাঁকুড়া জেলা প্রশাসন। কোভিডে কাজ হারিয়ে আর্থিকভাবে পিছিয়ে পড়া পরিবারগুলির অপুষ্ট শিশুদের চিহ্নিতকরণের কাজ ইতিমধ্যে করা হয়েছে। প্রশাসন সূত্রে জানা যায়, গত ২০১৯ থেকে করোনার কবলে পড়ে এখন পর্যন্ত জেলায় অপুষ্টি শিশুর সংখ্যা ১৬৩২টি। করোনা পরিস্থিতিতে জেলা প্রশাসন আইসিডিএস সেন্টারের কর্মীদের মাধ্যমে বাড়ি বাড়ি গিয়ে মাতৃদুগ্ধ পান করানো, মায়েদের নজরজারি ও সচেতনতা প্রদান করতে পারেনি। ফলে বেড়ে উঠেছে অপুষ্ট শিশুর সংখ্যা। তবে শিশুদের স্বাস্থ্য সচেতনতায় উদ্যোগী হতেই 'অপারেশন পুষ্টি' কর্মসূচির মাধ্যমে এবার ঐ সকল শিশুদের কাছে খাদ্য সামগ্রী পৌঁছে দেবে জেলা প্রশাসন। অন্যান্য শিশুদের সাথে আর্থিকভাবে পিছিয়ে পড়া অপুষ্টির শিকার শিশুদের চিহ্নিতকরণ করে আইসিডিএস কর্মীদের মাধ্যমে অ্যাডিশনাল খাদ্য সামগ্রী পৌঁছে দেবে বলেই জানা যায়। বুধবার সংবাদিক বৈঠক করে জানালেন বাঁকুড়া জেলাশাসক কে রাধিকা আয়ার। এদিন তিনি জানান, সেল্ফ হেল্ফ গ্রুপের মাধ্যমে জেলাজুড়ে ওই সকল শিশুদের কাছে খাদ্য সামগ্রী পৌঁছানোর কাজ শীঘ্রই শুরু হবে। ইতিমধ্যে সেল্ফ হেল্ফ গ্রুপের মহিলাদের ট্রেনিংয়ের ব্যবস্থার পরিকল্পনা গ্রহন করছি আমরা।



বুধবার মালদা শহরের রবীন্দ্র এভিনিউ এলাকায় অত্যাধুনিক মানের বস্ত্র বিপণীর আনুষ্ঠানিক উদ্বোধন করা হল। মালদা জেলা তৃণমূল কংগ্রেসের কো-অর্ডিনেটর বাবলা সরকার এই বিপণীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বাংলা বিনোদনের এক নায়িকাও।-নিজস্ব চিত্র।


## KOLKATA MUNICIPAL CORPORATION - TENDER

Name of the department : **Engineering (Civil), BR-VI.** Tender invited & to be received by: **Executive Engineer (Civil), BR-VI.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Repairing of kerb & channel including raising of G.P. & M.H. cover at S. S. A. Road, Dr. S. S. Road, Noor Ali Lane and different places in Ward No.-54; ₹ 1,50,353.61; (2) Restoration of paver block footpath at 89, Park Street infront of Park Street Police Station and different places in Ward No.-61; ₹ 1,07,953.74; 18.09.2021 at 12.00 noon/1.00 p.m. (For Sl. No. 1 & 2);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **DLPS/S&D.** Tender invited & to be received by : **Dy. Chief Engineer (E)/S&D, Executive Engineer (M)/S&D.** Name of the work & Location; Total Job Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Repairing of burnt out motor leads replacement of damage motor terminals including terminals of power cable of pump unit no. 2, 3 & 4 at Ambedkar Bridge D.P.S; Open quotation; (2) Repairing including other electrical works of APFC at Nonadanga Chak Garia D.P.S; Open quotation; 21.09.2021 at 12.00 noon/12.30 p.m. (For Sl. No. 1 & 2);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **DLPS/S&D.** Tender invited & to be received by : **Director General/S&D, Executive Engineer (M)/S&D.** Name of the work & Location; Total Job Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Supply and laying of submersible motor cable (both power & control) for extension by joining with existing cable of pump unit no. 4, 5 & 6 with arrangement of terminal box on the sump top at Nonadanga D.P. Station; Open quotation; (2) Repairing with replacement of damage accessories of star-delta motor starter panel (spare) of submersible pump at Nonadanga D.P. Station; Open quotation; 20.09.2021 at 12.00 noon/12.30 p.m. (For Sl. No. 1 & 2); (3) Repairing with replacement of damage accessories of star-delta motor starter panel (spare) of submersible pump at Kasba D.P. Station; Open quotation; (4) Repairing including other electrical works of APFC panel at Rajdanga & EE1 Minor D.P. Station; Open quotation; 23.09.2021 at 12.00 noon/12.30 p.m. (For Sl. No. 3 & 4);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Lighting/Zone-III.** Tender invited & to be received by : **Executive Engineer (E)/Lighting/Zone-III.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Improvement of bustee lighting arrangement at Sitla Mandir's back side and its surrounding area in Ward No.-58; ₹ 4,87,148.25; (2) Improvement of bustee lighting system at 12 Tiljala Shibtala Lane bustee and surrounding area in Ward No.-65, BR-VII; ₹ 1,98,695.28; (3) Improvement of bustee lighting system at Shahebabad bustee and surrounding area in Ward No.-58, BR-VII; ₹ 4,89,863.13; 17.09.2021 at 12.30 p.m./02.00 p.m. (For Sl. No. 1 to 3); (4) Supply & delivery of LED fittings and fans for BR-VII Institutions under Lighting Department/Z-III; ₹ 1,98,150.00; (5) Renovation of bustee lighting system at Ahiri Pukur 1st & 2nd Lane, Chakraberia Lane, Beltala Road, Dover Road, Paddapukur Road & others bustee areas in Ward No.-69 under BR-VIII; ₹ 1,97,713.56; (6) Renovation with lifting of feeder piller box at Hazra Road, ATM Road and surrounding area in Ward No.-73, BR-IX; ₹ 1,73,542.85; 20.09.2021 at 12.30 p.m./ 02.00 p.m. (For Sl. No. 4 to 6);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Water Supply (West).** Tender invited & to be received by : **Executive Engineer, Water Supply (West).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Development of filtered water supply by laying new 100 mm dia D.I. pipe from Premises No. 58A Ritchie Road to 27 Ballygunge Circular Road in Ward No.-69; ₹ 1,34,492.00; (2) Development of F.W. supply at the bustee premises at 12, 13 Dover Terrace and its adjoining area in Ward No.-85; ₹ 2,98,431.00; 17.09.2021 up to 1.00 p.m./at 2.00 p.m. (For Sl. No. 1 & 2); (3) Repairing of leakage on 1200 mm dia F.W. main by M.S. jacketing near 151, Remount Road under BR-IX; ₹ 2,92,698.69; 21.09.2021 up to 1.00 p.m./at 2.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Water Supply (GRWW).** Tender invited & to be received by : **Executive Engineer, Water Supply (GRWW).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Laying of 100 mm dia dewatering pump discharge pipeline along with installation of valves and allied works of air blower line at Annex Building of WTP Ph-IV of GRWW; ₹ 2,84,987.31; (2) Installation, testing & commissioning of 20 HP capacity centrifugal pump motor set for provision of dewatering at Sludge Pond No.-3 at GRWW network; Quotation; 24.09.2021 up to 1.00 p.m./at 2.00 p.m. (For Sl. No. 1 & 2);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Parks & Squares.** Tender invited & to be received by : **OSD & Ex-Officio Dy. Chief Engineer (C)/P&S.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Quotation invited for the work "Erection of temporary pandals for immersion porter for immersion of Durga Idols at four (4) major Ghats and erection of temporary watch tower at three (3) Ghats along the river Ganges for Durga Puja 2021" (1st Call); Quotation invited; (2) Quotation invited for the work "Arrangement of Video and still photography of immersion of idols at different ghats along the river Ganges (2021) from Durga Puja to Chat Puja" (1st Call); Quotation invited; (3) Quotation invited for the work "Deployment of three (3) no. of cranes/hydras, two at Baja Kadamtala Ghat and one (01) at Nimtala Ghat (round the clock) for removal of immersed idols from the bank during immersion days" (1st Call); Quotation invited; (4) Quotation invited for the work "Deployment to three (03) hydras, two (02) at Judges Ghat and one for all the Ghats of BR-I (round the clock) for lifting of idols for immersion from the bank on immersion days" (1st Call); Quotation invited; 18.09.2021 upto 12.00 noon/at 12.30 p.m. (For Sl. No. 1 to 4);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Lighting/Zone-I.** Tender invited & to be received by : **Executive Engineer (Elec.)/Lighting/Zone-I.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Operation & maintenance work of street lighting system at Bagmari Road, M. P. Road & different places in Ward No.-14, BR-III; ₹ 4,98,969.00; (2) Renovation of high mast lighting system at U. M. Road, Bagmari Road & other places in Ward No.-14, BR-III; ₹ 1,92,344.08; 21.09.2021 at 1.30 p.m./2.00 p.m. (For Sl. No. 1 & 2); (3) Renovation of street lighting system at South Sinthee Road, Centre Sinthee Road, Phoolbagan and other places in Ward No.-02 under BR-1; ₹ 1,55,012.78; (4) Supply and delivery of poles at Roypara, Sinthee, Gopal Bose Road and other places in Ward No.-02 under BR-1; ₹ 1,92,528.00; 22.09.2021 at 1.30 p.m./2.00 p.m. (For Sl. No. 3 & 4);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Water Supply (S.S.U).** Tender invited & to be received by : **Executive Engineer, Water Supply (S.S.U).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Construction of path way and boundary wall around the Swamijee Sarak Capsule Booster Pumping Station in Ward No.-121, Borough-XIV; ₹ 4,86,370.79; 22.09.2021 at 12.00 noon/1.00 p.m.; (2) Supplying and laying of 100 mm dia D.I. pipe at Sagar Manna Road (Cocola bustee) near H/O Dhiren Pal, at Maya Dasi Road from near H/No. 12/1/5 to 5/6 in Ward No.-132, BR-XIV; ₹ 1,78,919.87; 22.09.2021 at 1.00 p.m./ 2.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Electricity.** Tender invited & to be received by : **Executive Engineer (E-II).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **Installation of AC machine with other allied works at IUM under KMC; Open; 21.09.2021 at 2.00 p.m./2.30 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Electricity.** Tender invited & to be received by : **Executive Engineer (E)/Electricity.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **Thorough repairing, overhauling and servicing of 40 KVA DG set at Dist-I and Dist-II garage under KMC; ₹ 1,30,960.18; 22.09.2021 at 2.00 p.m./3.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Lighting/Zone-V.** Tender invited & to be received by : **Executive Engineer (Elec.)/Lighting/Zone-V.** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Installation of proper street lighting arrangement at Cocola Bagan bustee, Kamarpara bustee & other bustee areas in Ward No.-120, BR-XIII; ₹ 3,98,245.83; (2) Repairing & renovation works at Indra Pally bustee, Sahab Mahal bustee and other bustee surrounding area in Ward No.-117, BR-XIII; ₹ 1,99,696.21; (3) Repairing and renovation work for bustee lighting system at Kailash Mandir, Vanghor Para, Adorsha Pally bustee & bustee surrounding area in Ward No.-118, BR-XIII; ₹ 3,99,031.77; (4) Improvement of lighting arrangement by supplying LED street light fittings for Satyen Roy Road, Sisir Bagan Road and its surrounding area in Ward No.-120, BR-XIII; ₹ 4,96,563.27; (5) Repairing & renovation work of street lighting system at Souren Roy Road, Satyen Roy Road, Sasibhusan Mukherjee Road, Sadhan Hari Mukherjee Road & other places in Ward No.-120, BR-XIII; ₹ 4,65,206.82; 20.09.2021 at 1.00 p.m./1.30 p.m. (For Sl. No. 1 to 5); (6) Improvement of street lighting system at Swamiji Road, Parnasree Pally Lane, Bye Lane and surrounding in Ward No.-131; ₹ 2,99,329.95; (7) Improvement of street lighting system at Parnasree Lake Road, Mayadasi Road Lane, Bye Lane and surrounding in Ward No.-132; ₹ 2,99,524.25; (8) Improvement of street lighting system at several bustee area 10 no. bustee near D. H. Road, Cocola bustee, B. B. D. Bag Colony and other bustee areas in Ward No.-132; ₹ 3,99,220.76; 22.09.2021 at 1.00 p.m./1.30 p.m. (For Sl. No. 6 to 8);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Lighting, Zone-V, BR-XV, G.R.U.** Tender invited & to be received by : **Executive Engineer (BR-XV).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Installation of fire extinguisher, outdoor light, glow sign board and other electrical work along with supply, commissioning & testing of water cooler cum purifier at Community Kitchen in Ward No.-134, BR-XV; ₹ 4,30,548.50; 17.09.2021 at 1.00 p.m./1.30 p.m.; (2) Repairing and renovation of street lighting system at the different areas of Simpukur Lane, S. A. F. Road, Mondal Para surrounding areas and others in Ward No.-139; ₹ 4,98,576.40; 18.09.2021 at 1.00 p.m./1.30 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Water Supply, G.R.U., BR-XV.** Tender invited & to be received by : **Executive Engineer, Water Supply (G.R.U.).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Fabrication, installation of pole mounted lighting at the back end of reservoir at Daspara Booster Pumping Station; ₹ 2,96,980.40; (2) Repairing of 26 nos. battery rack damaged including connection and other allied works at Bansdroni Booster Pumping Station; ₹ 2,92,058.67; (3) Fabrication, installation of 2 nos. 20 HP submersible pump delivery system in the sump of pump no.-1 at Behala Booster Pumping Station; ₹ 2,62,702.25; (4) Installation of NRV at existing delivery pipe line of 4 no. submersible pumps at Golf Green BPS; ₹ 1,68,912.36; 25.09.2021 at 12.15 p.m./ 1.00 p.m. (For Sl. No. 1 to 4);** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

Name of the department : **Water Supply (North).** Tender invited & to be received by : **Executive Engineer, Water Supply (North).** Name of the work & Location; Estimated Amount and Time and Last date of receipt/opening of tender paper are as follows : **(1) Replacement of old and wornout service main with 100 mm dia DI main from 78A/2, Cossipore Road to 78F and 78K, Cossipore Road in Ward No.-001; ₹ 1,83,456.22; 20.09.2021 at 12.00 noon/21.09.2021 at 12.30 p.m.; (2) Maintenance of stand post and allied works in Ward No.-02; ₹ 1,48,677.03; 20.09.2021 at 12.00 noon/21.09.2021 at 1.00 p.m.;** For detailed information please visit KMC website: **https://www.kmcgov.in**

